

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
(www.dgfp.gov.bd)

স্মারক নং- পপঅ/এফএসডিপি/২০০৮/১৫২/২০০৯-১০/৩৪৫

তারিখ: ১২-০৪-১১ইং

বিষয় : মাঠ পর্যায়ে এবং সরকারী ও বেসরকারী সেবা কেন্দ্র সমূহে ব্যবহৃত জন্মনিরোধক ইনজেকটেবলসের সাথে এডি সিরিঞ্জ সরবরাহ করণ।

সূত্র : পপঅ/এফএসডিপি/২০০৮/১৫২/২০০৯-১০/২৩৩৬

তারিখ: ০৮/১২/২০১০ ইং

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ে এবং সরকারী ও বেসরকারী সেবা কেন্দ্র সমূহে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক ক্রয়কৃত জন্মনিরোধক ইনজেকটেবলসের সাথে ১০% অতিরিক্ত এডি সিরিঞ্জ সরবরাহ করায় সেবা প্রদানকারীদের কাছে চাহিদার অতিরিক্ত সিরিঞ্জ জমা হচ্ছে। এমতাবস্থায় মাঠ পর্যায়ে এডি সিরিঞ্জের সুষ্ঠু বিতরণের লক্ষ্যে প্রতি সেবা প্রদানকারীকে ইনজেকটেবলস সরবরাহের অতিরিক্ত ১০% হারে অর্থাৎ ১ম বারে প্রতি ১০০টি ইনজেকটেবলস এর সাথে ১১০টি এডি সিরিঞ্জ সরবরাহ করতে হবে। পরবর্তীতে পূর্ববর্তী মাসের মজুদের স্থিতির সাথে সমন্বয় করে ইনজেকটেবলস এর পরিমাণের সাথে ১০% এডি সিরিঞ্জ সরবরাহ নিশ্চিত করতে হবে। অর্থাৎ পূর্ববর্তী মাসের ১০০টির সাথে যে ১০টি অতিরিক্ত এডি সিরিঞ্জ গ্রহণ করা হয়েছিল তার থেকে ৫% টি বা তার কম বেশী যাহাই অতিরিক্ত ব্যবহার হোক না কেন ঐ পরিমাণ অতিরিক্ত নিয়ে ১০০টি ইনজেকটেবলস এর সাথে ১১০টি এডি সিরিঞ্জ নিশ্চিত করতে হবে। এর অতিরিক্ত গ্রহণ বা সরবরাহ করা যাবে না।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত

(ফায়োকুজ্জামান চৌধুরী)

পরিচালক (অর্থ) ও

লাইন ডাইরেক্টর, ফিল্ড সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম

ই-মেইল- ffsdp@gmail.com

ফোন-৮১৫১৮৬১ (অফিস)

অতিরিক্ত পরিচালক (কেন্দ্রীয় পণ্যাগার)

মহাখালী, ঢাকা।

স্মারক নং- পপঅ/এফএসডিপি/২০০৮/১৫২/২০০৯-১০/৩৪৫/১/(১১৫০) তারিখ: ১২-০৪-১১ইং

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। পরিচালক / লাইন ডাইরেক্টর (সকল) -----, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ২। পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ----- বিভাগ।
- ৩। উপপরিচালক (সকল), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, -----।
- ৪। সহকারী পরিচালক (সিসি) (সকল), -----।
- ৫। সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার (সকল), -----।
- ৬। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল)
উপজেলা, ----- জেলা -----।
- ৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, এই অধিদপ্তর।
- ৮। অফিস কপি।

স্বাক্ষরিত

(ডাঃ এস এ ফিদা হাসান)

প্রোগ্রাম ম্যানেজার

ফিল্ড সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম।